

২০২১

ষষ্ঠ সেমেস্টার

বাংলা — সাম্মানিক

পত্র : CC-13

(আধুনিক বাংলা কাব্য-কবিতা)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

- ১। (ক) 'বীরঙ্গনা' কাব্যে 'দুহ্মন্তের প্রতি শকুন্তলা' পত্রিকায় ঋষি-তনয়া শকুন্তলার মনে ঐশ্বর্যের আকাঙ্ক্ষা নয়, স্বামীসেবার সুতীব্র বাসনার বহিঃপ্রকাশ ঘটেছে— পত্রটি অবলম্বনে আলোচনা করো। ১০
- অথবা,
- (খ) পত্রকাব্য হিসাবে মধুসূদন দত্তের 'বীরঙ্গনা' কাব্যটি কতখানি সার্থক তা বিচার করো। ১০
- ২। (ক) 'বসুন্ধরা' কবিতা অবলম্বনে রবীন্দ্রনাথের মর্ত্যপ্ৰীতির পরিচয় দাও। ১০
- অথবা,
- (খ) নজরুলের 'নারী' কবিতায় তাঁর নারীভাবনা ও সাম্যবাদী চেতনার মিলিত রূপ কীভাবে ব্যঞ্জিত হয়েছে, তা আলোচনা করো। ১০
- ৩। (ক) মানব সভ্যতার নিদারুণ অবক্ষয়ের দিনে অনুজ কবি বুদ্ধদেব বসু অগ্রজ কবি রবীন্দ্রনাথ ঠাকুরকে যেভাবে স্মরণ করেছেন 'রবীন্দ্রনাথের প্রতি' কবিতা অবলম্বনে তার পরিচয় দাও। ১০
- অথবা,
- (খ) অমিতাভ দাশগুপ্তের 'আমার নাম ভারতবর্ষ' কবিতা জুড়ে কবির অনুভব এবং যন্ত্রণার মধ্যে ভারতবর্ষের প্রকৃত চিত্র ফুটে উঠেছে। — আলোচনা করো। ১০
- ৪। (ক) 'সোমের প্রতি তারা' পত্রিকার প্রধান সুর প্রণয়ভিক্ষা। — সংক্ষেপে আলোচনা করো। ৫
- অথবা,
- (খ) 'বীরঙ্গনা' কাব্যের নায়িকারা কোন অর্থে বীরঙ্গনা তা উল্লেখ করো। ৫
- ৫। (ক) 'সোনার তরী' একটি রূপকধর্মী কবিতা— সংক্ষেপে আলোচনা করো। ৫
- অথবা,
- (খ) 'হে দারিদ্র্য, তুমি মোরে ক'রেছ মহান!' — উদ্ধৃতিটির তাৎপর্য বিশ্লেষণ করো। ৫

Please Turn Over

- ৬। (ক) ‘মেলাবেন, তিনি মেলাবেন’ — ‘তিনি’ কে? কবিতায় তিনি কী মেলানোর কথা বলেছেন তা লেখো। ৫
- অথবা,
- (খ) ‘বুঝেছি কাঁদা হেথায় বৃথা;’ — উক্তিটির তাৎপর্য ব্যাখ্যা করো। ৫
- ৭। যে-কোনো একটি প্রশ্নের উত্তর দাও। ৫×১
- (ক) ‘বীরাস্তনা’ কাব্যের একমাত্র বীরাস্তনা ‘জনা’— এই উক্তির সারবত্তা নির্ণয় করো।
- (খ) ‘নিরুদ্দেশ যাত্রা’ কবিতায় কবির যাত্রা লক্ষ্যহীন নয়। — কেন তা লেখো।
- (গ) ‘স্মৃতির শহরে’ কবিতায় কবি অন্ন, বস্ত্র এবং শিক্ষার সমবন্টন এবং অধিকারের যে উল্লেখ করেছেন তার পরিচয় দাও।
- ৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫
- (ক) ‘বীরাস্তনা’ কাব্যটি কোন কাব্য অবলম্বনে লেখা?
- (খ) ‘বীরাস্তনা’ কাব্যটি মধুসূদনের ক-টি সর্গে সম্পূর্ণ করার ইচ্ছা ছিল?
- (গ) ‘কে তুমি, বিজন বনে ভ্রম হে একাকী’ — ‘তুমি’ কে?
- (ঘ) পাঠ্য পত্রগুলি যাঁরা লিখেছেন তাঁদের মধ্যে দুজন মাতৃ চরিত্রের নাম লেখো।
- (ঙ) ‘সোনার তরী’ কবিতাটি কোন পত্রিকায় প্রকাশিত হয়?
- (চ) ‘একখানি গ্রাম, তীরে শুকাইছে জাল’, — ‘বসুন্ধরা’ কবিতায় কবি এ প্রসঙ্গে কাদের কথা উল্লেখ করেছেন?
- (ছ) ‘সত্য করে কহো মোরে হে বৈষ্ণব কবি’, — বৈষ্ণব কবির কাছে কী জানতে চাওয়া হয়েছে?
- (জ) ‘অভিশাপ’ কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?
- (ঝ) ‘অগ্নিবীণা’ কাব্যের শতবর্ষ পেরোনো পাঠ্য বিখ্যাত কবিতাটির নাম লেখো।
- (ঞ) ‘শোনো মর্ত্যের জীব’ — ‘নারী’ কবিতায় মর্ত্যের জীব সম্পর্কে কী বলা হয়েছে?
- (ট) ‘নগরীর মহৎ রাত্রিকে’ — কবির কী মনে হয়?
- (ঠ) ‘সোহব্দ’ কবিতাটি কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?
- (ড) ‘প্রচ্ছন্ন স্বদেশ’ কবিতাটি কোন পত্রিকায় প্রকাশিত হয়?
- (ঢ) ‘সে কথা কি আমি জীবনে মরণে / কখনো ভুলতে পারি?’ — ‘সে কথা’ বলতে কী বোঝানো হয়েছে?
- (ণ) ‘বোধন’ কবিতায় কবি কাকে আহ্বান করেছেন?